Approved as a Text-book by the Government of Bengal for class VII of Secondary Schools (Vide Calcutta Gazette, November 13th, 1930)

ELEMENTS

OF

SANSKRIT GRAMMAR AND COMPOSITION

PART I.

HARIHAR VIDYABHUSAN, M. A.
Professor of Sanskrit, Presidency College, Calcutta

SECOND EDITION.

B Banerjee & Co,
25, Cornwallis Street, Calcutta
1930

Board bound two annas extra Price annas Twelve only.

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং,
২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা হইতে
শ্রীনারায়ণদাস পাল কর্ত্তৃক প্রকাশিত

প্রিণ্টার—শ্রীচুণীলাল দাস
এরিয়ান প্রেস,
১২।১ বলাই সিংহ লেন, কলিকাতা

CONTENTS.

Pages.

1. Alphabet—Vowels & Consonants ... 1.
বর্ণ—স্বর ও ব্যঞ্জন।
2. Ordinary Sandhis with illustration ... 3.
সন্ধি।
3. Rules for change of ন to ণ ... 18.
ণত্ব বিধান।
4. Rules for change of স to ষ ... 19.
ষত্ব বিধান।
5. Elementary distinctions of number ... 21.
বচন।
6. (a) Declension of typical nouns and adjectives ending in vowels in the masculine gender ... 23.
পুংলিঙ্গ স্বরান্ত শব্দ।
(b) Concord of adjective and noun ... 25.
বিশেষণ।
7. Do in the feminine gender ... 34.
স্ত্রীলিঙ্গ স্বরান্ত শব্দরূপ।
8. Do in the neuter gender ... 43.
ক্লীবলিঙ্গ স্বরান্ত শব্দরূপ।
9. Declension of typical nouns and adjectives ending in consonants ... ... 49.
ব্যঞ্জনান্ত শব্দরূপ।
10. Declension of typical pronouns in the three genders 72

Pages.

সর্ব্বনাম শব্দের রূপ।

11. Declension of Numerals ... 81.

সংখ্যাবাচক শব্দের রূপ।

12. Declension of Ordinals ... 89.

পূরণবাচক শব্দের রূপ।

13. Indeclinables ... ... 91.

অব্যয়।

14. Elementary distinction of gender ... 93.

লিঙ্গ।

15. Cases and case-endings ... 97.

কারক ও বিভক্তি।

16. Distinction of person 106

পুরুষ।

17. Conjugation of verbs in common use in লট্, লঙ্, লৃট্, লোট্, and বিধিলিঙ্ ... 110.

ধাতু রূপ।

18. Voice—Concord of Nominative and verb 166.

বাচ্য—কর্ত্তা ও ক্রিয়া।

19. Verbal affixes. ... ... 198.

কৃৎ প্রত্যয়।

20. Compounds ... ... 174.

সমাস।

21. Nominal affixes as are commonly used. ... 281.

সাধারণ তদ্ধিত প্রত্যয়।

22. Simple parsing ... ... 285.

পদ-পরিচয়।

ELEMENTS

of

SANSKRIT GRAMMAR AND COMPOSITION.

BOOK I

প্রথম পরিচ্ছেদ

বর্ণ (Alphabet.)

১। অ, ই, উ, ক, খ, গ প্রভৃতির এক একটিকে "**বর্ণ**" বলে। বর্ণ দুই প্রকার—স্বরবর্ণ (Vowels) এবং ব্যঞ্জনবর্ণ (Consonants.)।

স্বরবর্ণ (Vowels.)

২। যে বর্ণের উচ্চারণের জন্য অন্য বর্ণের সহায়তার আবশ্যক হয় না, তাহাকে '**স্বরবর্ণ**' বলে। যথা—অ, আ, ই, ঈ, ইত্যাদি।

স্বরবর্ণ দুই প্রকার—**হ্রস্ব** (Short) এবং **দীর্ঘ** (Long.)।

হ্রস্বস্বর Short vowels)—অ, ই, উ, ঋ, ঌ।

দীর্ঘস্বর (Long vowels)—আ, ঈ, ঊ, ৠ, এ, ঐ, ও, ঔ।

ব্যঞ্জন বর্ণ (Consonants.)

৩। স্বরবর্ণের সহায়তা ভিন্ন যে সমস্ত বর্ণের উচ্চারণ হইতে পারে না, তাহাদিগকে '**ব্যঞ্জনবর্ণ**' বলে। যথা—ক্, খ্ ইত্যাদি। ইহাদিগকে পড়িবার সময় আমরা 'অ'কার যোগ করিয়া পড়িয়া থাকি। যখন 'ক' উচ্চারণ করি, তখন ক্+অ এই দুইবর্ণের উচ্চারণ হইয়া থাকে—এইরূপ 'খ'এর মধ্যে খ্ এবং অ (খ্+অ) এই দুই বর্ণ আছে ইত্যাদি।

৩। ব্যঞ্জনবর্ণ সমূহ নিম্নলিখিত নানা ভাগে বিভক্ত।

ক, খ, গ, ঘ, ঙ—কবর্গ।
চ, ছ, জ, ঝ, ঞ—চবর্গ।
ট, ঠ, ড, ঢ, ণ—টবর্গ।
ত, থ, দ, ধ, ন—তবর্গ।
প, ফ, ব, ভ, ম—পবর্গ।
ক হইতে ম পর্য্যন্ত—স্পর্শবর্ণ।
য, র, ল, ব,—অন্তঃস্থ বর্ণ।
শ, ষ, স, হ—উষ্মবর্ণ।
ং (অনুস্বার) এবং ঃ (বিসর্গ)—অযোগবাহ বর্ণ।

N. B. ঁ (চন্দ্রবিন্দু) ৃ (রেফ্) ড়, ঢ়, য়, এই কয়টি যথাক্রমে ম, র, ড, ঢ এবং য ইহাদের পরিবর্ত্তিত আকার মাত্র।

N. B. ব্যঞ্জনবর্ণ স্বরবর্ণের সহিত যুক্ত হইলে, স্বরবর্ণের চিহ্ন ব্যঞ্জনের পূর্ব্বে, পরে, নিম্নে অথবা উপরে যেখানেই থাকুক না কেন, স্বরবর্ণটি পরে আছে বলিয়াই বুঝিতে হইবে। যেমন কি = ক্ + ই। খী = খ + ঈ। মু = ম্ + উ। সে = স্ + এ। কো = ক্ + ও।

বর্ণসমূহের উচ্চারণ-স্থানভেদে নামভেদ

কণ্ঠ্যবর্ণ (Gutturals)—অ, আ, কবর্গ এবং হ।
তালব্যবর্ণ (Palatals)—ই, ঈ, চবর্গ এবং য শ।
মূর্দ্ধন্য বর্ণ (Cerebrals)—ঋ, ৠ, টবর্গ এবং র ষ।
দন্ত্য বর্ণ (Dentals)—ঌ, তবর্গ এবং ল স।
ওষ্ঠ্যবর্ণ (Labials)—উ, ঊ, এবং পবর্গ।
কণ্ঠতালব্য (Gutturo-palatals)—এ এবং ঐ।

কণ্ঠৌষ্ঠ্য (Gutturo-labials)—ও এবং ঔ।

দন্তৌষ্ঠ্য (Dento-labial)—ব (অন্তঃস্থ ব)।

অনুনাসিক (Nasal)—ং (অনুস্বার)। (Also, ঙ, ঞ, ণ, ন, ম)

ঃ (বিসর্গ) যখন যে স্বরবর্ণের পরে থাকে, তখন সেই স্বরবর্ণের উচ্চারণ-স্থানভাগী হয়।

Exercise I.

1. Define—হ্রস্বস্বর, দীর্ঘস্বর, স্পর্শবর্ণ and উষ্মবর্ণ।

2. নিম্নলিখিত পদগুলির বর্ণসমূহ পৌর্ব্বাপর্য্য অনুসারে সজ্জিত কর—মুনিঃ, ধেনুঃ, কর্ত্তুম্, যুদ্ধম্, দ্বন্দ্বঃ, অক্ষরান্, ঊর্দ্ধ্বম্, পরীক্ষিৎ, জিহ্বা, কর্ম্ম, ব্যাঘ্রঃ ব্রহ্মা। (Ans.—মুনিঃ = ম্ + উ + ন্ + ই + ঃ। ঊর্দ্ধ্বম্ = ঊ + র্ + দ্ + ধ্ + ব্ + অ + ম্।

দ্বিতীয় পরিচ্ছেদ

সন্ধি (Euphonic Combination.)

সন্ধি—পরস্পর অত্যন্ত নিকটবর্ত্তী দুই বর্ণের মিলনের নাম **'সন্ধি'**। স্বরবর্ণে স্বরবর্ণে মিলিত হইয়া যে সন্ধি হয়, তাহাকে **'স্বর-সন্ধি'** বলে। ব্যঞ্জনবর্ণে ও স্বরবর্ণে অথবা ব্যঞ্জনবর্ণে ও ব্যঞ্জনবর্ণে মিলিত হইয়া যে স ন্ধ হয়, তাহাকে **'ব্যঞ্জন-সন্ধি'** বলে এবং (ঃ) বিসর্গের সহিত স্বর অথবা ব্যঞ্জন মিলিত হইয়া যে সন্ধি হয়, তাহাকে **'বিসর্গ-সন্ধি'*** বলে। অতএব সন্ধি তিন প্রকার—স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি এবং বিসর্গ সন্ধি।

* বিসর্গ যখন ব্যঞ্জনবর্ণেরই অন্তর্গত, তখন বিসর্গসন্ধিও ব্যঞ্জনসন্ধি। বালকগণের বোধ-সৌকর্য্যার্থে এই প্রকার-ভেদ করা গেল।

(ক) স্বরসন্ধি

১। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর 'অ'কার কিংবা 'আ'কার থাকে, তবে উভয়ে মিলিয়া আকার হয়। আকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা—

অ + অ = আ। হিম + অদ্রিঃ = হিমাদ্রিঃ, বিচার + অন্ধঃ = বিচারান্ধঃ।

অ + আ = আ। দেব + আলয়ঃ = দেবালয়ঃ তব + আজ্ঞা = তবাজ্ঞা।

আ + অ = আ। সুধা + অংশুঃ = সুধাংশুঃ, লতা + অন্তঃ = লতান্তঃ।

আ + আ = আ। মহা + আত্মা = মহাত্মা, সুধা + আকরঃ = সুধাকরঃ।

২। যদি হ্রস্ব 'ই'কার কিংবা দীর্ঘ 'ঈ'কারের পর 'ই'কার কিংবা 'ঈ'-কার থাকে, তবে উভয়ে মিলিয়া দীর্ঘ 'ঈ'কার হয়। 'ঈ'কার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা—

ই + ই = ঈ। গিরি + ইন্দ্রঃ = গিরীন্দ্রঃ, ইতি + ইদম্ = ইতীদম্।

ই + ঈ = ঈ। গিরি + ঈশ্বরঃ = গিরীশ্বরঃ, পরি + ঈক্ষা = পরীক্ষা।

ঈ + ই = ঈ। মহী + ইন্দ্রঃ = মহীন্দ্রঃ, নারী + ইচ্ছা = নারীচ্ছা।

ঈ + ঈ = ঈ। পৃথিবী + ঈশ্বরঃ = পৃথিবীশ্বরঃ, মহী + ঈশঃ = মহীশঃ।

৩। যদি হ্রস্ব 'উ'কার কিংবা দীর্ঘ 'ঊ'কারের পর 'উ'কার কিংবা 'ঊ'কার থাকে, তবে উভয়ে মিলিয়া 'ঊ'কার হয়। 'ঊ'কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা—

উ + উ = ঊ। বিধু + উদয়ঃ = বিধূদয়ঃ, সাধু + উত্তমঃ = সাধূত্তমঃ।

উ + ঊ = ঊ। লঘু + ঊর্ম্মিঃ = লঘূর্ম্মিঃ, তরু + ঊর্দ্ধম্ = তরূর্দ্ধম্।

ঊ + উ = ঊ। বধূ + উত্তমা = বধূত্তমা, শ্বশ্রূ + উক্তিঃ = শ্বশ্রূক্তিঃ।

ঊ + ঊ = ঊ। ভূ + ঊর্দ্ধম্ = ভূর্দ্ধম্, বধূ + ঊরুঃ = বধূরুঃ।

৪। যদি 'ঋ'কারের পর 'ঋ'কার থাকে, তবে উভয়ে মিলিয়া দীর্ঘ 'ৠ'কার হয়। দীর্ঘ 'ৠ'কার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা—

ঋ + ঋ = ঋৃ। পিতৃ + ঋণম্ = পিতৄণম্, ভ্রাতৃ + ঋদ্ধিঃ = ভ্রাতৄদ্ধিঃ।

৫। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর 'ই' কিংবা, 'ঈ' থাকে, উভয়ে মিলিয়া 'এ'কার হয়। 'এ'কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা—

অ + ই = এ ; নর + ইন্দ্রঃ = নরেন্দ্রঃ, শুভ + ইচ্ছা = শুভেচ্ছা।

অ + ঈ = এ। পরম + ঈশঃ = পরমেশঃ, অপ + ঈক্ষা = অপেক্ষা।

আ + ই = এ। মহা + ইভঃ = মহেভঃ, যথা + ইষ্টম্ = যথেষ্টম্।

আ + ঈ = এ। রমা + ঈশঃ = রমেশঃ, ধরা + ঈশ্বরঃ = ধরেশ্বরঃ।

৬। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর 'উ' কিংবা 'ঊ' থাকে, উভয়ে মিলিয়া 'ও'কার হয়। 'ও'কার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা,—

অ + উ = ও। চন্দ্র + উদয়ঃ = চন্দ্রোদয়ঃ, নর + উত্তমঃ = নরোত্তমঃ।

অ + ঊ = ও। চল + ঊর্ম্মিঃ = চলোর্ম্মিঃ, নব + ঊঢ়া = নবোঢ়া।

আ + উ = ও। মহা + উদয়ঃ = মহোদয়ঃ, গঙ্গা + উদকম্ = গঙ্গোদকম্।

আ + ঊ = ও। মহা + ঊর্ম্মিঃ = মহোর্ম্মিঃ, অজা + ঊর্ণা = অজোর্ণা।

৭। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর 'ঋ' থাকে, তবে উভয়ে মিলিয়া 'অর্' হয়। 'অ' পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং 'র্' (রেফ্) পরবর্ণের মস্তকে যায়। যথা,—

অ + ঋ = অর্। শীত + ঋতুঃ = শীতর্ত্তুঃ, নর + ঋষভঃ = নরর্ষভঃ।

আ + ঋ = অর্। বর্ষা + ঋতুঃ = বর্ষর্ত্তুঃ, মহা + ঋষিঃ = মহর্ষিঃ।

৮। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর 'এ' কিংবা 'ঐ' থাকে, উভয়ে মিলিয়া 'ঐ'কার হয়। 'ঐ'কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা—

অ + এ = ঐ। অথ + একদা = অথৈকদা, মম + এব = মমৈব।

অ + ঐ = ঐ। মত + ঐক্যম্ = মতৈক্যম্, তব + ঐশ্বর্য্যম্ = তবৈশ্বর্য্যম্।

আ + এ = ঐ। লতা + এষা = লতৈষা, তথা + এব = তথৈব।

আ + ঐ = ঐ। মহা + ঐরাবতঃ = মহৈরাবতঃ, সদা + ঐক্যম্ = সদৈক্যম্।

৯। যদি 'অ'কার কিংবা 'আ'কারের পর 'ও' কিংবা 'ঔ' থাকে, তবে উভয়ে মিলিয়া 'ঔ'কার হয়। 'ঔ'কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা—

অ + ও = ঔ। জল + ওঘঃ = জলৌঘঃ, তব + ওদনম্ = তবৌদনম্।

অ + ঔ = ঔ। বন + ঔষধম্ = বনৌষধম্, জল + ঔষ্ণ্যম্ = জলৌষ্ণ্যম্।

আ + ও = ঔ। মহা + ওষধিঃ = মহৌষধিঃ, গঙ্গা + ওঘঃ = গঙ্গৌঘঃ।

আ + ঔ = ঔ। মহা + ঔর্ব্বঃ = মহৌর্ব্বঃ, সদা + ঔদার্য্যম্ = সদৌদার্য্যম্।

১০। যদি 'ই' কিংবা 'ঈ' কারের পর 'ই' এবং 'ঈ' ভিন্ন অন্য কোনও স্বরবর্ণ থাকে, তবে 'ই' কিংবা 'ঈ' কারের স্থানে 'য্' হয় এবং পরের স্বরবর্ণ 'য্' এর সহিত যুক্ত হয়। যথা,—যদি + অপি = (যদ্-য্-অপি) যদ্যপি, দধি + আদি = দধ্যাদি, অতি + উত্তমঃ = অত্যুত্তমঃ, প্রতি + উহঃ = প্রত্যূহঃ মুনি + ঋষভঃ = মুন্যৃষভঃ, ইতি + একে = ইত্যেকে, অতি + ঐশ্বর্য্যম্ = অত্যৈশ্বর্য্যম্, দধি + ওদনম্ = দধ্যোদনম্, অতি + ঔদাস্যম্ = অত্যৌদাস্যম্, নদী + অম্বু = নদ্যম্বু, মসী + আধারঃ = মস্যাধারঃ, দেবী + উক্তিঃ = দেব্যুক্তিঃ, নদী + ঊঢ়ঃ = নদ্যূঢ়ঃ, দৈবী + ঋদ্ধিঃ = দৈব্যৃদ্ধিঃ, গুণী + এষঃ = গুণ্যেষঃ, বলী + ঐরাবতঃ = বল্যৈরাবতঃ, নারী + ওঘঃ = (নার্-য্-ওঘঃ) নার্য্যোঘঃ, বাণী + ঔদার্য্যম্ = বাণ্যৌদার্য্যম্।

১১। যদি 'উ' কিংবা 'ঊ'কারের পর 'উ' এবং 'ঊ' ভিন্ন অন্য কোনও স্বরবর্ণ থাকে, তবে 'উ' কিংবা 'ঊ'কারের স্থানে 'ব্' হয় এবং পরের স্বরবর্ণ 'ব্' এর সহিত যুক্ত হয়। যথা,—বিধু + অংশুঃ = (বিধ্-ব্-অংশুঃ) বিধ্বংশুঃ, সু + আগতম্ = স্বাগতম্, সাধু + ইন্দ্রঃ = সাধ্বিন্দ্রঃ, প্রভু + ঈপ্সিতম্ = প্রভ্বীপ্সিতম্, শিশু + ঋষিঃ = শিশ্বৃষিঃ, অনু + এষণম্ = অন্বেষণম্, বহু + ঐশ্বর্য্যম্ = বহ্বৈশ্বর্য্যম্, বহু + ওদনম্ = বহ্বোদনম্, শিশু + ঔৎসুক্যম্ = শিশ্বৌৎসুক্যম্, তনু + অঙ্গম্ = তন্বঙ্গম্, শ্বশ্রূ + আদেশঃ = শ্বশ্রাদেশঃ, বধূ + ইচ্ছা = বধ্বিচ্ছা, তনূ + ঈশঃ = তন্বীশঃ বধূ + এষণা =

বধ্বেষণা, বধূ + ঐশ্বর্য্যম্ = বধ্বৈশ্বর্য্যম্, সরযূ + ওঘঃ = সরয্বোঘঃ, প্রতিভূ + ঔৎসুক্যম্ = প্রতিভ্বৌৎসুক্যম্।

১২। 'ঋ'কারের পর 'ঋ'ভিন্ন স্বরবর্ণ থাকিলে, "ঋ" স্থানে 'র্' হয় এবং পরের স্বরবর্ণ 'র্'এর সহিত যুক্ত হয়। যথা—পিতৃ + অনুজ্ঞা = (পিত্ র্-অনুজ্ঞা) পিত্রনুজ্ঞা, মাতৃ + আজ্ঞা = মাত্রাজ্ঞা, বিধাতৃ + ইচ্ছা = বিধাত্রিচ্ছা, দাতৃ + ঈশঃ = দাত্রীশঃ, সবিতৃ + উদয়ঃ = সবিত্রুদয়ঃ, ভ্রাতৃ + ঊঢ়া = ভ্রাত্রূঢ়া, দুহিতৃ + একতা = দুহিত্রেকতা, ধাতৃ + ঐশ্বর্য্যম্ = ধাত্রৈশ্বর্য্যম্, পিতৃ + ওকঃ = পিত্রোকঃ, পিতৃ + ঔদার্য্যম্ = পিত্রৌদার্য্যম্।

১৩। স্বরবর্ণ পরে থাকিলে 'এ'কারের স্থানে 'অয়্' হয়; 'অ' পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বরবর্ণ 'য়' এর সহিত যুক্ত হয়। যথা,—নে + অনম্ = (ন্-অয়্-অনম্) নয়নম্, শে + ইতম্ = শয়িতম্।

১৪। স্বরবর্ণ পরে থাকিলে 'ঐ'কারের স্থানে 'আয়্' হয়; 'আ' পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বরবর্ণ 'য়্' এর সহিত যুক্ত হয়। যথা,—রৈ + এ = (র্-আয়্-এ) রায়ে, রৈ + ই = রায়ি, নৈ + অকঃ = নায়কঃ।

১৫। স্বরবর্ণ পরে থাকিলে 'ও'কারের স্থানে 'অব্' হয়; অ পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, এবং পরের স্বরবর্ণ 'ব্' এর সহিত যুক্ত হয়। যথা—পো + অনঃ = (প্-অব্-অনঃ) পবনঃ, গো + এ = গবে।

১৬। স্বরবর্ণ পরে থাকিলে 'ঔ' কারের স্থানে 'আব্' হয়; 'আ' পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বরবর্ণ 'ব্' এর সহিত যুক্ত হয়। যথা,—পৌ + অকঃ = (প্-আব্-অকঃ) পাবকঃ, নৌ + ইকঃ = নাবিকঃ, ভৌ + উকঃ = ভাবুকঃ, নৌ + এ = নাবে।

১৭। পদের অন্তে যদি 'এ'কার কিংবা 'ও'কার থাকে, তবে তাহার পরবর্ত্তী 'অ'কারের লোপ হয়। (অকার লুপ্ত হইলে তাহার স্থানে 'ঽ' এই লুপ্ত অকারের চিহ্ন দেওয়া হইয়া থাকে)। যথা,—

গৃহে + অতিষ্ঠৎ = গৃহেঽতিষ্ঠৎ, বজ্রে + অপি = বজ্রেঽপি, সাধো + অত্র = সাধোঽত্র, প্রভো + অনুগৃহাণ = প্রভোঽনুগৃহাণ।

১৮। নিম্নলিখিত সন্ধিসমূহ নিপাতনে সিদ্ধ (অর্থাৎ সূত্রানুসারে হয় নাই)।—কুল + অটা = কুলটা, সার + অঙ্গঃ = সারঙ্গঃ, সীম + অন্তঃ = সীমন্তঃ, মার্ত্ত + অণ্ডঃ = মার্ত্তণ্ডঃ, সম + অর্থঃ = সমর্থঃ, হল + ঈষা = হলীষা, মনস্ + ঈষা = মনীষা, পতৎ + অঞ্জলিঃ = পতঞ্জলিঃ, শীত + ঋতঃ = শীতার্ত্তঃ Similarly, দুঃখার্ত্তঃ, তৃষ্ণার্ত্তঃ ; স্ব + ঈরম্ = স্বৈরম্ also স্বৈরিণী etc. প্র + ঊঢ়ঃ = প্রৌঢ়ঃ, অক্ষ + ঊহিনী = অক্ষৌহিণী, গো + অক্ষঃ = গবাক্ষঃ।

Exercise 2.

1. নিম্নলিখিত পদসমূহের সন্ধি বিচ্ছেদ কর :—মহেন্দ্রঃ, বিদ্যোদয়ঃ, জনৈকঃ, গঙ্গৌঘঃ, দেবর্ণম্, অভ্যুদয়ঃ, হিমর্ত্তুঃ, মহেশঃ, ভ্রাতৄণম্, প্রত্যূহঃ, বালৈষা, দেব্যর্চ্চনা, সখ্যুক্তিঃ, পিত্রন্বেষণম্, সরয্বোঘঃ, দুহিত্রৌদার্য্যম্, মাত্রিচ্ছা, ভ্বাদিঃ, চার্ব্বঙ্গম্, গৃহেঽপি।

2. সূত্র নির্দ্দেশপূর্ব্বক সন্ধি কর :—গণ + ঈশঃ, শিশু + আদরঃ, উ + ইতি, রৈ + এ, নৌ + ই, শে + আতে, দাতৃ + আলয়ঃ, গো + আ, সখী + ঐশ্বর্য্যম্, মাতৃ + অঙ্কে, স্বসৃ + আত্মজঃ, অতি + অন্তঃ, গুরু + আজ্ঞা, সরযূ + অন্তঃ, জল + ওঘঃ, বন + ঔষধম্, দুহিতৃ + উদ্বাহঃ।

3. Join by Sandhi :—আ + ই, ই + এ, ও + অ, ঐ + আ, এ + এ ঔ + অ, ঔ + এ, উ + এ, ঋ + ও, উ + ঔ, উ + ঋ, ঈ + ঐ, এ + অ।

(খ) ব্যঞ্জনসন্ধি।

১৯। যদি চ কিংবা ছ পরে থাকে, তবে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যথা, সৎ + চরিত্রম্ = সচ্চরিত্রম্ মহৎ + চক্রম্ = মহচ্চক্রম্ এতদ্ + চন্দনম্ =

এতচ্চন্দনম্, বিপদ্ + চয়ঃ = বিপচ্চয়ঃ, উৎ + ছেদঃ = উচ্ছেদঃ, তদ্ + ছত্রম্ = তচ্ছত্রম্, তদ্ + ছবিঃ = তচ্ছবিঃ।

২০। যদি জ কিংবা ঝ পরে থাকে, তবে ত্ ও দ্ স্থানে জ্ হয়। যথা, যাবৎ + জীবনম্ = যাবজ্জীবনম্; উৎ + জ্বলঃ = উজ্জ্বলঃ, এতদ্ + জগৎ = এতজ্জগৎ, বৃহৎ + ঝটিকা = বৃহজ্ঝটিকা, বিপদ্ + জয়ঃ = বিপজ্জয়ঃ, তদ্ + ঝনৎকারঃ = তজ্ঝনৎকারঃ।

২১। যদি জ কিংবা ঝ পরে থাকে, তবে দন্ত্য ন্ স্থানে ঞ্ হয়। যথা, মহান্ + জয়ঃ = মহাঞ্জয়ঃ, রাজন্ + জাগৃহি = রাজঞ্জাগৃহি; ভবান্ + জীবতু = ভবাঞ্জীবতু; মহান্ + ঝঙ্কারঃ = মহাঞ্ঝঙ্কারঃ গচ্ছন্ + ঝটিতি = গচ্ছঞ্ঝটিতি।

২২। যদি পদের অন্তে স্থিত তকার কিংবা দকারের পর তালব্য শ্ থাকে, তবে ত্ ও দ্ স্থানে চ্ এবং শ্ স্থানে বিকল্পে ছ্ হয়। যথা, নৃত্যৎ + শঙ্করঃ = নৃত্যচ্ছঙ্করঃ, নৃত্যচ্শঙ্করঃ জগৎ + শরণ্যম্ = জগচ্ছরণ্যম্, জগচ্শরণ্যম্, তদ্ + শরীরম্ = তচ্ছরীরম্, তচ্শরীরম্; তদ্ + শ্রবণম্ = তচ্ছ্রবণম্, তচ্শ্রবণম্।

২৩। যদি পদের অন্তে স্থিত নকারের পর তালব্য শ থাকে, তবে ন্ স্থানে ঞ্ এবং তালব্য শ্ স্থানে বিকল্পে ছ্ হয়। যথা, মহান্ + শব্দঃ = মহাঞ্ছব্দঃ, মহাঞ্শব্দঃ; ধাবন্ + শশঃ = ধাবঞ্ছশঃ, ধাবঞ্শশঃ।

২৪। যদি পদের অন্তেস্থিত তকার কিংবা দকারের পর হ থাকে, তবে ত্ স্থানে দ্ এবং হ্ স্থানে বিকল্পে ধ্ হয়। যথা, বৃহৎ + হরিণঃ = বৃহদ্ধরিণঃ বৃহদ্হরিণঃ; তদ্ + হিতম্ = তদ্ধিতম্ তদ্হিতম্, বিপদ্ + হেতুঃ = বিপদ্ধেতুঃ, বিপদ্হেতুঃ।

২৫। যদি চকার কিংবা জকারের পর দন্ত্য ন থাকে, তবে ন্ স্থানে ঞ্ হয়। যথা—যাচ্ + না = যাচ্ঞা; যজ্ + নঃ = যজ্ঞঃ; রাজ্ + নী = রাজ্ঞী।

২৬। যদি ট কিংবা ঠ পরে থাকে, তবে ত্ ও দ্ স্থানে ট্ হয়। যথা, উৎ+টলতি=উট্টলতি ; তদ্+টীকা=তট্টীকা, সৎ+ঠকারঃ=সট্ঠকারঃ এতদ্+ঠক্কুরঃ=এতট্ঠক্কুরঃ।

২৭। যদি ড কিংবা ঢ পরে থাকে, তবে ত্ ও দ্ স্থানে ড্ হয়। যথা, উৎ+ডীনঃ,=উড্ডীনঃ, বৃহৎ+ডুণ্ডুভঃ=বৃহড্ডুণ্ডুভঃ ; তদ্+ ঢোরম্=তড্ঢোরম্ ; এতদ্+ঢোলঃ=এতড্ঢোলঃ।

২৮। যদি ড কিংবা ঢ পরে থাকে, তবে দন্ত্য ন্ স্থানে মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, পঠন্+ডিম্ভঃ=পঠণ্ডিম্ভঃ ; রাজন্+ঢৌকসে=রাজণ্ঢৌকসে।

২৯। মূর্দ্ধন্য ষকারের পরস্থিত ত স্থানে ট্ এবং থ স্থানে ঠ্ হয়। যথা, ইষ্+তঃ=ইষ্টঃ ; চতুষ্+তয়ম্—চতুষ্টয়ম্ ; ষষ্+থঃ=ষষ্ঠঃ।

৩০। ণকারের পরস্থিত ন স্থানে ণ্ হয়। যথা, ক্ষুণ্+নঃ=ক্ষুণ্ণঃ ; বিষণ্+নঃ=বিষণ্ণঃ।

৩১। যদি ল পরে থাকে, তবে ত্ দ্ ও ন্ স্থানে ল্ হয়। নকারের পূর্ব্ববর্ণ চন্দ্রবিন্দুসংযুক্ত হয়। যথা, উৎ+লেখঃ=উল্লেখঃ ; হৃদ্+লাসঃ =হৃল্লাসঃ ; মহান্+লাভঃ=মহাঁল্লাভঃ।

৩২। যদি স্বরবর্ণ পরে থাকে, তবে পদের অন্তে স্থিত নকারের দ্বিত্ব হয়। যথা, ধাবন্+অশ্বঃ=ধাবন্নশ্বঃ ; হসন্+আগতঃ=হসন্নাগতঃ, চিন্তয়ন্+এব=চিন্তয়ন্নেব।

৩৩। যদি ন্ দীর্ঘ স্বরের পরে থাকে, তবে দ্বিত্ব হয় না। যথা, অশ্বান্+আনয়=অশ্বানানয় ; সাধূন্+আদ্রিয়স্ব=সাধূনাদ্রিয়স্ব, তান্+ আহ্বয়=তানাহ্বয়।

৩৪। যদি চ কিংবা ছ পরে থাকে, তবে পদের অন্তে স্থিত ন্ স্থানে অনুস্বার হয়, আর চ ও ছ স্থানে শ্চ ও শ্ছ হয়। যথা, নৃত্যন্+চকোরঃ =নৃত্যংশ্চকোরঃ ; ধাবন্+ছাগঃ=ধাবংশ্ছাগঃ।

৩৫। যদি ট কিংবা ঠ পরে থাকে, তবে পদের অন্তে স্থিত ন্ স্থানে অনুস্বার হয়, আর ট ও ঠ স্থানে ষ্ট ও ষ্ঠ হয়। যথা, চলন্+টিট্টিভঃ=চলংষ্টিট্টিভঃ ; মহান্+ঠক্কুরঃ=মহাংষ্ঠক্কুরঃ।

৩৬। যদি ত কিংবা থ পরে থাকে, তবে পদের অন্তে স্থিত ন্ স্থানে অনুস্বার হয়, আর ত ও থ স্থানে স্ত ও স্থ হয়। যথা, মহান্+তড়াগঃ=মহাংস্তড়াগঃ ; ক্ষিপন্+থুৎকারম্=ক্ষিপংস্থুৎকারম্।

৩৭। যদি তালব্য শ, অথবা স, কিংবা হ পরে থাকে, তবে পদ-মধ্যস্থিত ন্ স্থানে অনুস্বার হয়। যথা, দন্+শনম্=দংশনম্ ; মীমান্+সা=মীমাংসা ; বৃন্+হিতম্=বৃংহিতম্।

৩৮। যদি দন্ত্য স্ পরে থাকে, তবে পদমধ্যস্থিত ম্ স্থানে অনুস্বার হয়। যথা, রম্+স্যতে=রংস্যতে ; ব্যরম্+সীৎ=ব্যরংসীৎ।

৩৯। যে বর্গের অক্ষর পরে থাকে, পদমধ্যস্থিত ন্ স্থানে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা, আশন্+কা=আশঙ্কা ; মন্+ডনম্=মণ্ডনম্ ; কন্+পঃ=কম্পঃ।

৪০। যদি ত পরে থাকে, তবে পদমধ্যস্থিত ম্ স্থানে ন্ হয়। যথা, শাম্+তিঃ=শান্তিঃ ; নিয়ম্+তা=নিয়ন্তা।

৪১। যদি অন্তঃস্থ অথবা উষ্মবর্ণ পরে থাকে, তবে পদের অন্তে স্থিত ম্ স্থানে অনুস্বার হয়। যথা, গৃহম্+যাতি=গৃহং যাতি ; গবাম্+ষট্‌কম্=গবাংষট্‌কম্ ; সম্+লগ্নঃ=সংলগ্নঃ ; সম্+শয়ঃ=সংশয়ঃ ; মধুরম্+হসতি=মধুরং হসতি।

৪২। রাজ্ শব্দ পরে থাকিলে, সম্ এই উপসর্গের ম্ স্থানে অনুস্বার হয় না। যথা, সম্+রাজ্=সম্রাজ্।

৪৩। যদি স্পর্শবর্ণ পরে থাকে, তবে পদের অন্তেস্থিত ম্ স্থানে অনুস্বার হয়, অথবা যে বর্গের বর্ণ পরে থাকে, সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা, কিম্+

+ করোষি = কিং করোষি বা কিঙ্করোষি ; গৃহম্ + গচ্ছ = গৃহং গচ্ছ বা গৃহঙ্গচ্ছ ; ক্ষিপ্রম্ + চলতি = ক্ষিপ্রং চলতি বা ক্ষিপ্রঞ্চলতি ; শীতলম্ + জলম্ = শীতলং জলম্ বা শীতলঞ্জলম্ ; নদীম্ + তরতি = নদীং তরতি বা নদীন্তরতি ; ভিক্ষাম্ + দদাতি = ভিক্ষাং দদাতি বা ভিক্ষান্দদাতি ; ইদম্ + ধনম্ = ইদং ধনম্ বা ইদন্ধনম্ ; গুরুম্ + নমতি = গুরুং নমতি বা গুরুন্নমতি ; চন্দ্রম্ + পশ্যতি = চন্দ্রং পশ্যতি বা চন্দ্রম্পশ্যতি ; কিম্ + ফলম্ = কিং ফলম্ বা কিম্ফলম্ ; দৃঢ়ম্ + বন্ধনম্ = দৃঢ়ং বন্ধনম্ বা দৃঢ়ম্বন্ধনম্ ; মধুরম্ + ভাষতে = মধুরং ভাষতে বা মধুরম্ভাষতে ; ইয়ম্ + মীমাংসা = ইয়ং মীমাংসা বা ইয়ম্মীমাংসা ।

৪৪। যদি ছ পরে থাকে, তবে স্বরবর্ণের পর চ্ হয়, চ ছ মিলিয়া চ্ছ হয়। যথা, স্ব + ছন্দঃ = স্বচ্ছন্দঃ ; পরি + ছদঃ = পরিচ্ছদঃ ।

৪৫। উৎ উপসর্গের পরস্থিত স্থা ও স্তম্ভ ধাতুর স্ লোপ পায়। যথা, উৎ + স্থানম্ = উত্থানম্ ; উৎ + স্তম্ভনম্ = উত্তম্ভনম্ ।

৪৬। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ, অথবা য র ল ব হ পরে থাকে, তবে পদের অন্তে স্থিত ক্ স্থানে গ্ হয়। যথা, দিক্ + অন্তঃ = দিগন্তঃ ; বাক্ + ঈশঃ = বাগীশঃ ; প্রাক্ + এব = প্রাগেব ; দিক্ + গজঃ = দিগ্গজঃ ; বাক্ + জালম্ = বাগ্জালম্ ; বাক্ + দানম্ = বাগ্দানম্ ; দিক্ + ভাগঃ = দিগ্ভাগঃ ; ধিক্ + যাচকম্ = ধিগ্যাচকম্ ; বাক্ + রোধঃ = বাগ্রোধঃ, ধিক্ + লোভিনম্ = ধিগ্লোভিনম্ ; দিক্ + বারণঃ = দিগ্বারণঃ, দিক্ + হস্তী = দিগ্হস্তী ।

৪৭। যদি স্বরবর্ণ অথবা গ ঘ দ ধ ব ভ য র ল ব পরে থাকে, তবে পদের অন্তে স্থিত ত্ স্থানে দ্ হয়। যথা, জগৎ + অম্বা = জগদম্বা ; সরিৎ + ইয়ম্ = সরিদিয়ম্ ; জগৎ + ঈশঃ = জগদীশঃ ; ভবৎ + উক্তম্ = ভবদুক্তম্ ; তৎ + ঋতে = তদৃতে ; মহৎ + ঐশ্বর্য্যম্ = মহদৈশ্বর্য্যম্ ; মহৎ + ওজঃ =

মহদোজঃ ; মহৎ + ঔষধম্ = মহদৌষধম্ ; সৎ + গতিঃ = সদ্গতিঃ ; গর্জ্জৎ + ঘনঃ = গর্জ্জদ্ঘনঃ ; উৎ + দীপনম্ = উদ্দীপনম্ ; মহৎ + ধনুঃ = মহদ্ধনুঃ ; জগৎ + বন্ধুঃ = জগদ্বন্ধুঃ ; মহৎ + ভয়ম্ = মহদ্ভয়ম্ ; উৎ + যোগঃ = উদ্যোগঃ ; মহৎ + বনম্ = মহদ্বনম্ ।

৪৮। যদি ন কিংবা ম পরে থাকে, তবে পদের অন্তে স্থিত ক্ স্থানে ঙ্ এবং ত্ ও দ্ স্থানে ন্ হয়। যথা, দিক্ + নাগঃ = দিঙ্নাগঃ ; প্রাক্ + মুখঃ = প্রাঙ্মুখঃ ; জগৎ + নাথঃ = জগন্নাথঃ ; তদ্ + নীরম্ = তন্নীরম্ ; মৃদ্ + ময়ঃ = মৃন্ময়ঃ ; উৎ + মাদঃ = উন্মাদঃ ।

Exercise 3.

1. Disjoin the Sandhis in :—দিঙ্মণ্ডলম্, তচ্ছক্তিঃ, চিন্ময়ঃ, জগন্নাথঃ, হসংশ্চলতি, তজ্জয়ঃ, বিপজ্জালম্, উদ্ধতঃ, জগজ্জ্যোতিঃ, উচ্চয়ঃ, সমুত্থানম্, তচ্ছরীরম্, এতট্টীকা, বৃহদরণ্যম্, শরচ্চন্দ্রঃ, মহাংশ্চন্দ্রঃ, দিগ্গজঃ, বৃহচ্ছশঃ, তাংস্তান্, উল্লেখঃ, উচ্ছ্বাসঃ ।

2. Join by Sandhi and cite the rules (Sutras) of Sandhi :—বিপদ্ + চয়ঃ, সরিৎ + জলম্, ভবান্ + জীবতু, মহান্ + শশঃ, মহান্ + শব্দঃ, মহৎ + হসিতম্, ষট্ + হেতবঃ এতদ্ + ঢক্কা, ভবান্ + লভতে, স্বজন্ + ঈশ্বরঃ, গচ্ছন্ + উবাচ, কবীন্ + আহ্বয়তি, ভবান্ + আহ, নৃত্যন্ + চকোরঃ, পতন্ + তমালঃ, বৃক্ষ + ছায়া, উৎ + স্থাস্যামি, দিক্ + বারণঃ, অচ্ + মধ্যস্থম্, বাক্ + ময়ম্ ।

3. Correct the spelling of the following :—সম্বাদঃ, সন্মানঃ, আদ্যপান্তঃ, প্রিয়ম্বদঃ, বশম্বদঃ, অদ্যপি, উজ্বলঃ, যাচ্না জগবন্ধুঃ, কিম্বা, দুরাদৃষ্টম্, বারম্বারম্ ।

(গ) বিসর্গসন্ধি

৪৯। যদি চ কিংবা ছ পরে থাকে, তবে বিসর্গ স্থানে তালব্য শ্ হয়। যথা, পূর্ণঃ + চন্দ্রঃ = পূর্ণশ্চন্দ্রঃ ; নিঃ + চয়ঃ = নিশ্চয়ঃ ; তরোঃ + ছায়া = তরোশ্ছায়া ; শিরঃ + ছেদঃ = শিরশ্ছেদঃ।

৫০। যদি ট কিংবা ঠ পরে থাকে, তবে বিসর্গ স্থানে মূর্দ্ধন্য ষ্ হয়। যথা, উড্ডীনঃ + টিট্টিভঃ = উড্ডীনষ্টিট্টিভঃ ; ভগ্নঃ + ঠক্কুরঃ = ভগ্নষ্ঠক্কুরঃ।

৫১। যদি ত কিংবা থ পরে থাকে, তবে বিসর্গ স্থানে দন্ত্য স্ হয়। যথা, উন্নতঃ + তরুঃ = উন্নতস্তরুঃ ; নদ্যাঃ + তীরম্ = নদ্যাস্তীরম্, দুঃ + তরম্ = দুস্তরম্, ক্ষিপ্তঃ + থুৎকারঃ = ক্ষিপ্তস্থুৎকারঃ।

৫২। শ ষ স পরে থাকিলে, বিসর্গ স্থানে যথাক্রমে বিকল্পে শ্ ষ্ স্ হয়। যথা, সুপ্তঃ + শিশুঃ = সুপ্তশ্শিশুঃ বা সুপ্তঃ শিশুঃ ; মত্তঃ + ষট্পদঃ = মত্তষ্ষট্পদঃ বা মত্তঃ ষট্পদঃ ; রবেঃ + সংক্রমঃ = রবেস্সংক্রমঃ বা রবেঃ সংক্রমঃ।

৫৩। যদি অকারের পর বিসর্গ থাকে, এবং অকার পরে থাকে, তবে পূর্ব্ববর্ত্তী অকার ও বিসর্গ উভয় স্থানে 'ও' হয় ; ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরবর্ত্তী অকারের লোপ হয়। যথা, কঃ + অয়ম্ = কোঽয়ম্, বয়ঃ + অধিকঃ = বয়োঽধিকঃ ; বেদঃ + অধীতঃ = বেদোঽধীতঃ।

৫৪। যদি বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে, তবে অকার ও অকারের পরবর্ত্তী বিসর্গ উভয় স্থানে 'ও' হয় ; ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা, শোভনঃ + গন্ধঃ = শোভনোগন্ধঃ ; মনঃ + জঃ = মনোজঃ ; মধুরঃ + ঝঙ্কারঃ = মধুরোঝঙ্কারঃ ; অশ্বঃ + ধাবতি অশ্বোধাবতি ; উন্নতঃ + নগঃ = উন্নতোনগঃ ; দৃঢ়ঃ + বন্ধঃ = দৃঢ়োবন্ধঃ ; অকুতঃ + ভয়ঃ = অকুতোভয়ঃ ; অতীতঃ + মাসঃ = অতীতোমাসঃ ;

মনঃ + যোগঃ = মনোযোগঃ ; শান্তঃ + রোষঃ = শান্তোরোষঃ ; অর্থঃ + লব্ধঃ = অর্থোলব্ধঃ ; মনঃ + হরঃ = মনোহরঃ।

৫৫। যদি অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, তবে অকারের পরবর্ত্তী বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা, সঃ + আগতঃ = স আগতঃ ; নরঃ + ইব = নর ইব ; চন্দ্রঃ + উদেতি = চন্দ্র উদেতি ; কঃ + এষঃ = ক এষ ; রক্তঃ + ওষ্ঠঃ = রক্ত ওষ্ঠঃ।

৫৬। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় চতুর্থ অথবা পঞ্চম বর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, তবে আকারের পরবর্ত্তী বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা, অশ্বাঃ + অমী = অশ্বা অমী ; গজাঃ + ইমে = গজা ইমে ; তারাঃ + উদিতাঃ = তারা উদিতাঃ ; গতাঃ + ঋষয়ঃ = গতা ঋষয়ঃ ; নরাঃ + এতে = নরা এতে ; ভৃত্যাঃ + গতাঃ = ভৃত্যা গতাঃ ; কৃতাঃ + ঘটাঃ = কৃতা ঘটাঃ ; পুত্রাঃ + জাতাঃ = পুত্রা জাতাঃ ; মধুরাঃ + ঝঙ্কারাঃ = মধুরা ঝঙ্কারাঃ ; নবাঃ + ডমরবঃ = নবা ডমরবঃ ; নির্ব্বাণাঃ + দীপাঃ = নির্ব্বাণা দীপাঃ, অশ্বাঃ + ধাবন্তি = অশ্বা ধাবন্তি ; উন্নতাঃ + নগাঃ = উন্নতা নগাঃ ; দৃঢ়াঃ + বন্ধাঃ = দৃঢ়া বন্ধাঃ, নরাঃ + ভীতাঃ = নরা ভীতাঃ ; অতীতাঃ + মাসাঃ = অতীতা মাসাঃ ; ছাত্রাঃ + যতন্তে = ছাত্রা যতন্তে ; এতাঃ + রথ্যাঃ = এতা রথ্যাঃ ; নরাঃ + লভন্তে = নরা লভন্তে ; বাতাঃ + বান্তি = বাতা বান্তি ; বালকাঃ + হসন্তি = বালকা হসন্তি।

৫৭। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, তবে অ আ ভিন্ন স্বরবর্ণের পরবর্ত্তী বিসর্গ স্থানে র্ হয়। যথা, কবিঃ + অয়ম্ = কবিরয়ম্ ; গতিঃ + ইয়ম্ = গতিরিয়ম্ ; রবিঃ + উদেতি = রবিরুদেতি ; সুধীঃ + এষঃ = সুধীরেষঃ ; গুরুঃ + উবাচ = গুরুরুবাচ ; বধূঃ + এষা = বধূরেষা ; মাতৃঃ + অর্চ্চয় = মাতৃরর্চ্চয় ;

রবেঃ + উদয়ঃ = রবেরুদয়ঃ ; বিধোঃ + অস্তগমনম্ = বিধোরস্তগমনম্ ; গৌঃ + অয়ম্ = গৌরয়ম্ ; বহিঃ + গতঃ = বহির্গতঃ ; কৃতৈঃ + ঝঙ্কারৈঃ = কৃতৈর্ঝঙ্কারৈঃ ; দুঃ + ঘটঃ = দুর্ঘটঃ ; নিঃ + জনঃ = নির্জনঃ ; দুঃ + নীতিঃ = দুর্নীতিঃ ; মুহুঃ + মুহুঃ = মুহুর্মুহুঃ ; নিঃ + যাতঃ = নির্যাতঃ ; বিধুঃ + লীয়তে = বিধুর্লীয়তে ; বায়ুঃ + বাতি = বায়ুর্বাতি ; শিশুঃ + হসতি = শিশুর্হসতি।

৫৮। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, তবে অকারের পরস্থিত রজাত (১) বিসর্গ স্থানে র্ হয়। যথা— পুনঃ + অপি = পুনরপি ; প্রাতঃ + আশঃ = প্রাতরাশঃ ; ভ্রাতঃ + এহি = ভ্রাতরেহি ; অন্তঃ + গতঃ = অন্তর্গতঃ ; পিতঃ + নমামি = পিতর্নমামি ; মাতঃ + দেহি = মাতর্দেহি ; দুহিতঃ + যাহি = দুহিতর্যাহি ; মাতঃ + বদ = মাতর্বদ ; অন্তঃ + হিতঃ = অন্তর্হিতঃ ; অহঃ + নিশম্ = অহর্নিশম্।

৫৯। রাত্র, রূপ ও রথন্তর শব্দ ও বিভক্তির ভ পরে থাকিলে অহন্ শব্দের রজাত বিসর্গ স্থানে র্ হয় না ; ওকার হয়। যথা, অহঃ + রাত্রঃ = অহোরাত্রঃ ; অহঃ + ভিঃ = অহোভিঃ।

৬০। র পরে থাকিলে বিসর্গ স্থানে যে র্ হয়, তাহার লোপ হয় এবং পূর্বস্বর দীর্ঘ হয়। যথা, পিতঃ + রক্ষ = পিতারক্ষ ; নিঃ + রসঃ = নীরসঃ ; নিঃ + রোগঃ = নীরোগঃ ; নিঃ + রবঃ = নীরবঃ।

৬১। যদি অকার ভিন্ন স্বর, অথবা ব্যঞ্জনবর্ণ পরে থাকে, তবে সঃ এষঃ এই দুই পদের বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না।

(১) প্রাতর্, পুনর্, উচ্চৈস্, নীচৈস্ প্রভৃতি পদের অন্তস্থিত র্ ও স্ স্থানে বিসর্গ হয়। 'র' এর পরিবর্তে যে বিসর্গ হয়, তাহা রজাত ; এবং 'স্' এর পরিবর্তে যে বিসর্গ, তাহা সজাত। ভ্রাতৃ পিতৃ প্রভৃতি ঋকারান্ত শব্দের সম্বোধনের একবচনান্ত পদের বিসর্গও রজাত।

যথা, সঃ + আগতঃ = স আগতঃ ; সঃ + ইচ্ছতি = স ইচ্ছতি ; সঃ + উবাচ = স উবাচ ; সঃ + করোতি = স করোতি ; সঃ + হসতি = স হসতি ; এষঃ + আয়াতি = এষ আয়াতি ; এষঃ + ধাবতি = এষ ধাবতি ; এষঃ + রোদিতি = এষ রোদিতি ; এষঃ + শেতে = এষ শেতে।

৬২। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চমবর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, তবে ভোঃ এই পদের বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা, ভোঃ + অম্বরীষ = ভো অম্বরীষ ; ভোঃ + ঈশান = ভো ঈশান ; ভোঃ + উমাপতে = ভো উমাপতে ; ভোঃ + গদাধর = ভো গদাধর ; ভোঃ + জনমেজয় = ভো জনমেজয় ; ভোঃ + দামোদর = ভো দামোদর ; ভোঃ + মাধব = ভো মাধব ; ভোঃ + যদুপতে = ভো যদুপতে ; ভোঃ + রাম = ভো রাম।

৬৩। নিম্নলিখিত পদ-সমূহের সন্ধি নিপাতনে হইয়াছে—নিঃ + করঃ = নিষ্করঃ, নিঃ + পাপঃ = নিষ্পাপঃ ; নিঃ + ফলম্ = নিষ্ফলম্ ; আবিঃ + কারঃ = আবিষ্কারঃ ; (Similarly, নিষ্ফলঃ, নমস্কারঃ, পুরস্কারঃ তিরস্কারঃ, দুষ্করঃ, দুষ্ক্রিয়া, প্রাদুষ্কৃতঃ, বহিষ্কৃতঃ etc.) চতুঃ + কোণম্ = চতুষ্কোণম্ চতুঃ + পথম্ = চতুষ্পথম্, হবিঃ + পানম্ = হবিষ্পানম্, আয়ুঃ + কামঃ = আয়ুষ্কামঃ, শ্রেয়ঃ + করঃ = শ্রেয়স্করঃ, অয়ঃ + কান্তঃ অয়স্কান্তঃ, মনঃ + কামঃ = মনস্কামঃ, নিঃ + কামঃ = নিষ্কামঃ, ভ্রাতুঃ + পুত্রঃ = ভ্রাতুষ্পুত্রঃ, ভাঃ + করঃ ভাস্করঃ, বাচঃ + পতিঃ = বাচস্পতিঃ।

Exercise 4.

1. সূত্র নির্দ্দেশপূর্ব্বক সন্ধি কর। মুনেঃ + চিত্তম্, ধনুঃ + টঙ্কারঃ রাজ্ঞঃ + ছত্রম্, ভুবঃ + তলম্, গজঃ + অসৌ, বালকঃ + অপি, নরঃ + চ, সঃ + চ, নরঃ + বা, এষঃ + বা, সঃ + অস্তি, সঃ + আসীৎ, রামঃ + গচ্ছতি,

সঃ + গচ্ছতি, নরাঃ + তিষ্ঠন্তি, নরাঃ + আগচ্ছন্তি, তস্যাঃ + তনয়ঃ, তস্যাঃ + পুত্রঃ, পুত্রঃ + তস্যাঃ, তস্যাঃ + ইয়ম্, মুনিঃ + অসৌ, হরেঃ + নাম, সাধুঃ + গতঃ, পুনঃ + এব, পুনঃ + চ, বহিঃ + করোতি, বহিঃ + চরতি, অহঃ + অহঃ, অহঃ + রাত্রঃ, অহঃ + রজনী, ভ্রাতঃ + রক্ষ, হরিঃ + রাজতে, সাধুঃ + রমতে, ভোঃ + পিতঃ, চক্ষুঃ + রোগঃ, ভোঃ + মাতঃ।

2. Disjoin the Sandhis in :—মনোরথঃ, মনশ্চক্ষুঃ, নীরবঃ, সোঽস্মিন্, প্রাতরেব, সদ্যোজাতঃ, নিষ্ফলম্, শ্রেয়স্করঃ, তৈরুক্তম্, স্বর্গতঃ, স গচ্ছতি, পুনারোদিতি, বহিষ্ক্রিয়া, সর্ব্বএব, অহোভ্যাম্।

তৃতীয় পরিচ্ছেদ

(ক) ণত্ব-বিধান

(Change of ন to ণ)

৬৭। ঋ, ৠ, র এবং মূর্দ্ধন্য ষ এই চারি বর্ণের পরস্থ 'ন্' মূর্দ্ধন্য 'ণ্' হয়। যথা,—ঋণম্, তৃণম্ নৃণাম্ ভ্রাতৃণাম্, বর্ণঃ জীর্ণঃ চতুর্ণাম্ দোষ্ণা, জিষ্ণুঃ কৃষ্ণঃ।

৬৫। স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য, ব, হ এবং অনুস্বারের ব্যবধান থাকিলেও 'ন' মূর্দ্ধন্য 'ণ' হইবে। যথা,—করণম্, হরণম্ হরিণঃ, গুরুণা, পরেণ, অর্কেণ, মূর্খেণ, দীর্ঘেণ, ভৃঙ্গেণ, দর্পণম্, রেফেণ, গর্ভেণ, ক্রমেণ, গর্ব্বেণ, রয়েণ, গ্রহণম্, বৃংহণম্।

৬৬। এতদ্ভিন্ন বর্ণের ব্যবধান থাকিলে 'ন' মূর্দ্ধন্য 'ণ' হয় না। যথা,—অর্চ্চনা, অর্জ্জনম্ রটনা, অর্দ্ধেন, অর্থেন, দৃঢ়েন, আর্ত্তেন স্পর্শেন, দর্শনম্ রসনা, প্রসাদেন ইত্যাদি।

৬৭। পদের অন্তস্থিত 'ন' মূর্দ্ধন্য 'ণ' হয় না। যথা,—নরান্, ব্রহ্মন্, শর্ম্মন্, দোষান্, পিতৃন্ ইত্যাদি।

৬৮। ট বর্গের পূর্ব্বস্থিত 'ন' (ঋ, ৠ, র ও ষ এর পরবর্ত্তী না হইলেও) মূর্দ্ধন্য 'ণ' হয়। যথা,—কণ্টকঃ, কণ্ঠঃ, দণ্ডঃ, ঢুণ্ঢিঃ।

৬৯। নিম্নলিখিত শব্দসমূহ নিত্যই 'ণ' গ্রহণ করে :—

বাণো বেণুর্বণিগ্ বীণা তূণো বাণী গুণো গণঃ।
লবণং শোণিতং পাণিঃ কণ্ঠঃ কোণঃ ফণা পণঃ॥
আপণো বিপণিঃ পুণ্যং কল্যাণং পণবো ঘুণঃ।
কঙ্কণং চিক্কণং স্থাণু নৈপুণ্যঞ্চ মণিঃ শণঃ॥

খ। ষত্ববিধান (Change of স to ষ)।

৭০। অ, আ ভিন্ন স্বর, এবং 'ক' ও 'র' এই সকল বর্ণের পরস্থিত প্রত্যয়ের 'স' মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা,—মণিষু, নদীষু, সাধুষু, বধূষু, ভ্রাতৃষু, সর্ব্বেষাম্, গোষু, নৌষু, দিক্ষু, চতুর্ষু।

৭১। অনুস্বার (ং) ও বিসর্গের (ঃ) ব্যবধান থাকিলেও 'স' মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা,—হবীংষি, ধনূংষি, আশীঃষু, ধনুঃষু।

৭২। 'সাৎ' প্রত্যয়ের 'স' মূর্দ্ধন্য 'ষ' হয় না। যথা,—অগ্নিসাৎ, সাধুসাৎ, ভ্রাতৃসাৎ, বিপ্রসাৎ।

৭৩। ট বর্গের পূর্ব্বস্থিত 'স' সাধারণতঃ মূর্দ্ধন্য 'ষ' হয়। যথা,—কষ্টম্, স্পষ্টঃ, দুষ্টঃ স্রষ্টা।

৭৪। নিম্নলিখিত শব্দসমূহ নিত্যই 'ষ' গ্রহণ করে :—

আষাঢ়ো ঘোষণা ষষ্ঠঃ পাষাণো ভূষণং বিষম্।
মূষিকো মহিষো মেষঃ পুরুষঃ ষোড়শো বৃষঃ॥

গ্রীষ্মো বর্ষা যোষিৎ ষণ্ডো হর্ষো ভাষা বিশেষণম্ ।
উষাভিলাষ-গণ্ডূষা ঋষিরামিষমৌষধম্ ॥
তুষার-পৌষ-বিষয়াঃ কষায়ং কলুষং তথা ।
বর্ষং শেষো নিমেষশ্চ দোষ ইষুস্তথোষরম্ ॥

Exercise 5.

1. Account for 'ণ' in the following :—

বিবরণম্, ত্রয়াণাম্, সর্পেণ, শোণিতম্, আভরণম্, বণ্টনম্ ।

2. Correct the spellings of :—গর্জ্জণম্, পিতৄণ্, ঋসিনা, বৃষেণ, স্বরাণ্, জনার্দ্দণঃ, করুনা, রবিনা and প্রার্থণা ।

3. Account for 'ষ' in the following :—গজেষু, সন্তুষ্টঃ, অষ্ট, মৃষা, ওষ্ঠঃ, সহিষ্ণুষু and করোষি ।

4. Show cause why the 'স' of the following words is not changed to 'ষ' :—বালাসু, যুবসু, কর্ম্মসু, পুংসু, তস্মিন্, হরস্তু, হরসি, বারিসাৎ, যাস্যতি ।

চতুর্থ পরিচ্ছেদ

(ক) বিশেষ্য (Noun)

১। কোনও জাতি, গুণ, ক্রিয়া, বস্তু অথবা ব্যক্তির নামকে "বিশেষ্য" বলে। যথা—

জাতিবাচক বিশেষ্য (Common noun)—মনুষ্যঃ, পশুঃ, মৎস্যঃ ।

গুণবাচক বিশেষ্য (Abstract noun)—শুক্লতা, মলিনত্বম্।

ক্রিয়াবাচক বিশেষ্য (Verbal noun) - গমনম্, স্থিতিঃ।

বস্তুবাচক বিশেষ্য (Common and Material noun)—দুগ্ধম্, বৃক্ষঃ, জলম্, গিরিঃ, গ্রন্থঃ, লেখনী।

ব্যক্তিবাচক বিশেষ্য (Proper noun)—রামঃ, হরিঃ, অযোধ্যা।

২। বিশেষ্যের তিনটি বচন (Number) আছে—একবচন (Singular number)—ইহাদ্বারা একটি মাত্র সংখ্যা বুঝায়। যথা, গজঃ = একটি হস্তী, ফলম্ = একটি ফল।

দ্বিবচন (Dual number)—ইহাদ্বারা দুইটি মাত্র সংখ্যা বুঝায়। যথা,—গজৌ = দুইটি হস্তী, ফলে = দুইটি ফল।

3. বহুবচন (Plural number) ইহাদ্বারা দুইটির অধিক সংখ্যা বুঝায়। যথা, গজাঃ = অনেক হস্তী, ফলানি = অনেক ফল।

৩। সংস্কৃতে শব্দের সাতটি বিভক্তি আছে; প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী। শব্দ সকল ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করিতে বাক্য মধ্যে এই সাতটি বিভক্তি গ্রহণ করে। প্রত্যেক বিভক্তির তিনটি করিয়া বচন আছে; অতএব বিভক্তির আকার সর্ব্বসমেত (৭ × ৩ = ২১) একুশটি। এই একুশটি বিভক্তির সাধারণ নাম "সুপ্"; ইহাদের যে কোনও একটিকে শব্দের সহিত যোগ করিলে, একটি "সুবন্তপদ" হয়।

এইরূপ ধাতুর উত্তর তিপ্ প্রভৃতি ১৮০টি বিভক্তি যুক্ত হইতে পারে। ঐ সকল বিভক্তির নাম "তিঙ্"।

N. B. শব্দ ও ধাতু বিভক্তিযুক্ত হইলেই তাহাকে "**পদ**" বলা হয়; যথা,—

সুবন্ত পদ—রামঃ, ফলম্, নরেণ ইত্যাদি।

তিঙন্ত পদ—গচ্ছতি, পততি, ধাবতি ইত্যাদি।

৪। নিম্নে সাতটি বিভক্তির আকার ও তাহাদের অর্থ দেওয়া হইল :—

	একবচন (Singular)	দ্বিবচন (Dual)	বহুবচন (Plural)
প্রথমা (কর্ত্তা)	সু (:)	ঔ	জস্ (অঃ)
দ্বিতীয়া (কর্ম্ম) (কে, to)	অম্	ঔ	শস্ (অঃ)
তৃতীয়া (করণ) (দ্বারা, দিয়া, by, with)	টা (আ)	ভ্যাম্	ভিস্ (ভিঃ)
চতুর্থী (সম্প্রদান) (কে, to, for)	ঙে (এ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
পঞ্চমী (অপাদান) (হইতে, from)	ঙসি (অঃ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
ষষ্ঠী (সম্বন্ধ) (র, এর, of, possessive case)	ঙস্ (অঃ)	ওস্ (ওঃ)	আম্
সপ্তমী (অধিকরণ) (এ, তে, মধ্যে, in, on.)	ঙি (ই)	ওস্ (ও)	সুপ্ (সু)

সম্বোধনে (Vocative case) প্রথমা বিভক্তি হয় ; তবে কোনও কোনও শব্দের সম্বোধনের একবচনের রূপ প্রথমার একবচনের রূপ হইতে কিঞ্চিৎ ভিন্ন। এজন্য শব্দরূপে সম্বোধনের একবচনের রূপমাত্র পৃথক্ দেওয়া হইবে। দ্বিবচনে ও বহুবচনে কোন প্রভেদ নাই।

শব্দরূপ (Declension)

পুংলিঙ্গ স্বরান্ত শব্দ।

অকারান্ত নরশব্দ (Man)

(A base ending in অ)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্
তৃতীয়া	নরেণ	নরাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
সম্বোধন	নর		

Translation—একটি মনুষ্য = নরঃ, দুইটি মনুষ্য = নরৌ অনেক মনুষ্য = নরাঃ, একটি মনুষ্যকে = নরম্, অনেক মনুষ্যকে = নরান্ একটি মনুষ্য দ্বারা = নরেণ, একটি মনুষ্যের জন্য = নরায়, একটি মনুষ্য হইতে = নরাৎ. দুইটি মনুষ্যের = নরয়োঃ, অনেক মনুষ্যের = নরাণাম্, একটি মনুষ্যে = নরে, দুইটি মনুষ্যে = নরয়োঃ মনুষ্য সমূহে = নরেষু, হে নর = হে মনুষ্য !

A man = নরঃ। Two men = নরৌ। Men = নরাঃ। To a man—নরম্। By a man—নরেণ। For a man—নরায়। From a man—নরাৎ। Of a man—নরস্য। Of men—নরাণাম্। In a man—নরে। O man !—নর !

প্রায় সমুদয় অকারান্ত পুংলিঙ্গশব্দের রূপ নরশব্দের তুল্য। নিম্ন-লিখিত শব্দসমূহের রূপ নর শব্দের মত।

শিব—The god Siva.	চন্দ্র—the moon.
গজ—elephant,	পবন—wind.
কুকুর—dog.	নৃপ - king.
বিড়াল—cat.	পর্ব্বত—mountain.
শৃগাল—fox.	মেঘ—cloud.
ব্যাঘ্র—tiger.	বৃক্ষ—tree.
অশ্ব—horse.	অনল—fire.
ছাগ—goat.	বালক—boy.
কাক—crow.	দিবস day.
সর্প—serpent.	ছাত্র—student.
বিহগ—bird.	হস্ত—hand,
হংস—drake.	পাদ—foot
সিংহ—lion.	দন্ত - tooth.
মৎস্য—fish,	কেশ—hair.
পুত্র—son.	নখ—nail.
সূর্য্য—the sun,	কিরণ—ray,

Two birds—বিহগৌ; Siva's son—শিবস্য পুত্রঃ; On the mountains—পর্ব্বতেষু; By the teeth দন্তৈঃ; of the boy—বালকস্য; The elephants of the king—নৃপস্য গজাঃ।

N. B. যে সকল কথার শেষে 'অ' উচ্চারিত হইবে, এবং তাহার পূর্ব্বে যদি আকার একার, ওকার, ঔকার থাকে, তবে তাহারা প্রায়ই পুংলিঙ্গ এবং তাহাদের রূপ নর' শব্দের মত হইবে।

Exercise 6.

1. সংস্কৃত কর—সূর্য্য হইতে, চন্দ্রের মধ্যে, মৎস্যেরা, সূর্য্যের কিরণ, রামের পুত্রের হস্ত হইতে, সর্পদিগকে, হাতীর দাঁত দুইটি, মানুষের চুলগুলির মধ্যে, অশ্বের দ্বারা, সিংহের শাবকেরা, মেঘ হইতে, নখ দিয়া।

2. Translate into Sanskrit—By a goat. Of the crow. From the son of Krishna. The man of the village. The horses of the king. During the day. By the birds of the trees. For the boys. From the wind. Of a cat. To the son. In the rays of the sun.

3. Translate into Bengali :—সিংহস্য নখাঃ। পর্ব্বতস্য বৃক্ষাৎ। অনলে পবনে চ। বালকস্য হস্তাভ্যাম্। নৃপাণাং গজাঃ অশ্বাশ্চ। শিবস্য পাদয়োঃ। ছাত্রস্য গ্রন্থাঃ। গজানাং দন্তৈঃ। নৃপস্য সেবকাৎ। পবনস্য বেগেন। বালকস্য হস্তাৎ।

(খ) বিশেষণ (Adjective)

১। যে পদের দ্বারা বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশ করা হয়, তাহাকে '**বিশেষণ**' বলে। যথা, সুন্দরঃ বালকঃ, সুন্দরী বালা, মধুরং ফলম্, সুশীলঃ ছাত্রঃ, ধার্ম্মিকঃ নরঃ ইত্যাদি বাক্যে সুন্দরঃ, সুন্দরী, মধুরম্, সুশীলঃ, ধার্ম্মিকঃ প্রভৃতি বিশেষণ পদ (adjective)

২। বিশেষণের নিজের কোনও লিঙ্গ, পুরুষ, বচন কিংবা বিভক্তি না থাকিলেও, ইহা যে বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশ করে, তাহারই লিঙ্গ, পুরুষ, বচন ও বিভক্তি গ্রহণ করে। একটি সুন্দর মনুষ্য = সুন্দরো নরঃ ; দুইজন সুন্দর মনুষ্য = সুন্দরৌ নরৌ ; একটি সুন্দর মেয়ে = সুন্দরী বালা ; একটি সুন্দর ছেলের = সুন্দরস্য বালকস্য , ধার্ম্মিক লোকদিগকে = ধার্ম্মিকান্ নরান্।

৩। বিশেষণ যখন অন্য বিশেষণের গুণ প্রকাশ করে, কিংবা কোনও

ক্রিয়ার গুণ প্রকাশ করে, তখন ইহা বিশেষণের বিশেষণ অথবা ক্রিয়ার বিশেষণ (adverb) হইয়া ক্লীবলিঙ্গ, প্রথম পুরুষ ও দ্বিতীয়ার একবচন মাত্র গ্রহণ করে। যথা,—ভৃশং দুঃখিতঃ (very sorry) দ্রুতং যাতি (goes quickly)

নিম্নলিখিত বিশেষণগুলি অকারান্ত এবং পুংলিঙ্গ শব্দের বিশেষণ হইলে ইহাদের রূপ নরশব্দের তুল্য হইবে।

বৃদ্ধ—old	কুৎসিত—ugly	ক্রুদ্ধ—angry
অন্ধ—blind.	কোমল—soft.	কুপিত—angry
মূর্খ—foolish.	শুভ্র—white.	হৃষ্ট—pleased.
সবল—strong.	শ্বেত—white.	সুন্দর—beautiful
ল—weak.	কৃষ্ণ—black.	সুখকর—pleasing.
বিজ্ঞ—wise.	শিষ্ট—polite.	সরল—sincere.
ধার্ম্মিক—pious.	শীতল—cool.	ভীত—terrified.
চতুর—clever.	নিপুণ—expert.	অলস—lazy.

An old man—বৃদ্ধো নরঃ।

Two blind men—অন্ধৌ নরৌ।

To the strong boys—সবলান্ বালকান্।

By the cool rays of the moon—চন্দ্রস্য শীতলৈঃ কিরণৈঃ।

For the polite student—শিষ্টায় ছাত্রায়।

From the terrified goat—ভীতাৎ ছাগাৎ।

By the strong servants of the pious king—ধার্ম্মিকস্য নৃপস্য সবলৈঃ ভৃত্যৈঃ।

In the hands of the lazy son of the blind man—অন্ধস্য নরস্য অলসস্য পুত্রস্য হস্তয়োঃ।

Exercise 7.

1. Decline তাপস, কাক, দেব, বালক and সিংহ with an appropriate adjective in all the বিভক্তিs. [e. g. ধূর্ত্তঃ কাকঃ, ধূর্ত্তৌ কাকৌ, ধূর্ত্তাঃ কাকাঃ, ধূর্ত্তং কাকম্, ধূর্ত্তৌ কাকৌ, ধূর্ত্তান্ কাকান্, ধূর্ত্তেন কাকেন e. t. c.]

2. Translate into English :—

লোহিতাৎ তপনাৎ (sun), চন্দ্রস্য শুভ্রাঃ কিরণাঃ, ; কৃষ্ণেভ্যঃ মেঘেভ্যঃ ; বৃদ্ধস্য তনয়ঃ শিষ্টঃ ; দুর্ব্বলান্ বিহগান্ ; শিবস্য সুন্দরয়োঃ চরণয়োঃ ; কুপিতস্য সিংহস্য শাবকৌ ; শীতলে পবনে ; অশ্বাৎ পতিতস্য নরস্য ; সিংহাৎ ভীতানাং গজানাম্ ; মাতুলস্য আলয়ে ; হস্তেন ধৃতঃ দণ্ডঃ ; সুশীলস্য রামস্য ধার্ম্মিকেণ পুত্রেণ।

3. Translate into Sanskrit :—

By the angry lion. To the poor blind man, For the lazy boys. The black and white clouds of the sky. From the blue sky. In the cold rays of the moon. The weak goats of the poor men of the village. Of the white teeth of the child. Given (দত্ত) to the poor. Saved from the tiger by a strong man. In the days of the month.

পুংলিঙ্গ ইকারান্ত—মুনিশব্দ (Hermit)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মুনিঃ	মুনী	মুনয়ঃ
দ্বিতীয়া	মুনিম্	মুনী	মুনীন্
তৃতীয়া	মুনিনা	মুনিভ্যাম্	মুনিভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	মুনয়ে	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
	মুনেঃ	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
	মুনেঃ	মুন্যোঃ	মুনীনাম্
সপ্তমী	মুনৌ	মুন্যোঃ	মুনিষু
সম্বোধন	মুনে		

পতি, সখি ভিন্ন সমুদয় ইকারান্ত পুংলিঙ্গ শব্দ মুনি শব্দের তুল্য। অগ্নি—fire. হরি—the god Hari. কবি—poet. বিধি—creator, rule. গিরি—mountain. কপি—monkey. ঋষি—sage. রবি—sun. বহ্নি—fire. সারথি—charioteer. অরি—enemy. অতিথি—guest. অলি—bee. মণি—jewel. ব্যাধি—disease. পাণি—hand. জ্ঞাতি—kinsman. রশ্মি—ray, string.

পতিশব্দ (Husband)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পতিঃ	পতী	পতয়ঃ
দ্বিতীয়া	পতিম্	পতী	পতীন্
তৃতীয়া	পত্যা	পতিভ্যাম্	পতিভিঃ
চতুর্থী	পত্যে	পতিভ্যাম্	পতিভ্যঃ
পঞ্চমী	পত্যুঃ	পতিভ্যাম্	পতিভ্যঃ
ষষ্ঠী	পত্যুঃ	পত্যোঃ	পতীনাম্
সপ্তমী	পত্যৌ	পত্যোঃ	পতিষু
সম্বোধন	পতে		

অন্য অন্য শব্দের সহিত সমাস হইলে, পতিশব্দের রূপ মুনিশব্দের তুল্য হয়। যথা, নৃপতি, ভূপতি, মহীপতি, নরপতি—king. সেনাপতি —general. ইত্যাদি।

সখিশব্দ (Friend).

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্
তৃতীয়া	সখ্যা	সখিভ্যাম্	সখিভিঃ
চতুর্থী	সখ্যে	সখিভ্যাম্	সখিভ্যঃ
পঞ্চমী	সখ্যুঃ	সখিভ্যাম্	সখিভ্যঃ
ষষ্ঠী	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাম্
সপ্তমী	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু
সম্বোধন	সখে		

Exercise 8.

1. Point out the বিভক্তিs wherein the declension of পতি differs from that of মুনি।

2. Decline সখি throughout with সরল as an adjective qualifying it.

3. Translate into English :—

রামস্য সখা। গিরৌ মুনেঃ আশ্রমঃ। শ্রীহর্ষঃ নিপুণঃ কবিঃ। জটিলেন ব্যাধিনা পীড়িতঃ। ভূপতেঃ পাণৌ দণ্ডঃ। জ্ঞাতিভিঃ সহ কলহঃ। সর্পস্য মৌলৌ (মৌলি—head) মণিঃ। বহ্নিনা দগ্ধাঃ

কপয়ঃ। মুনেরাশ্রমে অবস্থিতাঃ হরিণাঃ। অরুণঃ রবেঃ সারথিঃ। রামঃ মুনীনাম্ আশ্রমে অতিথিঃ।

4. Translate into Sanskrit :—The rays of the sun. By the pious sages. On the waves of the sea. From the house of the good poet. Rama with the monkeys. By the two friends and the kinsmen of the king. To the trees on the mountain. In the hands of the husband. At the foot of the mountain. By the fire existing (বর্ত্তমান) on the hill.

5. Correct the following :—মুনিনঃ চরণে। নৃপত্যুঃ পুত্রাঃ বীরঃ। কপিঃ চপলাঃ। হরিস্য সখিঃ ধার্ম্মিকঃ। গিরিনাং বৃক্ষেসু। সেনাপত্যুঃ আদেশাৎ।

পঞ্চম পরিচ্ছেদ

পুংলিঙ্গ ঈকারান্ত সুধীশব্দ। (Wise man)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ
দ্বিতীয়া	সুধিয়ম্	সুধিয়ৌ	সুধিয়ঃ
তৃতীয়া	সুধিয়া	সুধীভ্যাম্	সুধীভিঃ
চতুর্থী	সুধিয়ে	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
পঞ্চমী	সুধিয়ঃ	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
ষষ্ঠী	সুধিয়ঃ	সুধিয়োঃ	সুধিয়াম্
সপ্তমী	সুধিয়ি	সুধিয়োঃ	সুধিষু
সম্বোধন	সুধীঃ		

অনেক পুংলিঙ্গ ঈকারান্ত শব্দ সুধীশব্দের তুল্য ; যথা,—
অল্পধী – idiot, সুশ্রী – beautiful. গতভী—fearless.

পুংলিঙ্গ উকারান্ত সাধুশব্দ। (Honest man)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সাধুঃ	সাধূ	সাধবঃ
দ্বিতীয়া	সাধুম্	সাধূ	সাধূন্
তৃতীয়া	সাধুনা	সাধুভ্যাম্	সাধুভিঃ
চতুর্থী	সাধবে	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
পঞ্চমী	সাধোঃ	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
ষষ্ঠী	সাধোঃ	সাধ্বোঃ	সাধূনাম্
সপ্তমী	সাধৌ	সাধ্বোঃ	সাধুষু
সম্বোধন	সাধো		

প্রায় সমুদয় পুংলিঙ্গ উকারান্ত শব্দ সাধুশব্দের তুল্য। যথা,—
বন্ধু – friend, প্রভু – lord, রিপু—enemy, শিশু – child, পশু —beast, ভানু —sun, তরু—tree, বায়ু—wind, বিধু—moon, সেতু—bridge, বিভু—god, ওতু – cat, বাহু—arm, পাংশু – dust.

পুংলিঙ্গ ঋকারান্ত দাতৃশব্দ। (Liberal man)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দাতা	দাতারৌ	দাতারঃ
দ্বিতীয়া	দাতারম্	দাতারৌ	দাতৄন্
তৃতীয়া	দাত্রা	দাতৃভ্যাম্	দাতৃভিঃ
চতুর্থী	দাত্রে	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
পঞ্চমী	দাতুঃ	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	দাতুঃ	দাত্রোঃ	দাতৃণাম্
সপ্তমী	দাতরি	দাত্রোঃ	দাতৃষু
সম্বোধন	দাতঃ		

ভ্রাতৃ, পিতৃ, জামাতৃ, নৃ, সব্যেষ্টৃ (সারথি), দেবৃ (স্বামীর ভ্রাতা), এই কয়েকটি ভিন্ন সমুদয় ঋকারান্ত পুংলিঙ্গ শব্দ দাতৃশব্দের তুল্য। যথা, ধাতৃ—creator ; ভর্তৃ—husband ; কর্তৃ—lord, maker ; সবিতৃ—sun, নেতৃ—leader.

ভ্রাতৃশব্দ। (Brother)-

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভ্রাতা	ভ্রাতরৌ	ভ্রাতরঃ
দ্বিতীয়া	ভ্রাতরম্	ভ্রাতরৌ	
সম্বোধন	ভ্রাতঃ		

এ ভিন্ন সকল বিভক্তিতে, দাতৃশব্দের তুল্য।

পিতৃ—father, জামাতৃ—son-in-law, নৃ—man, সব্যেষ্টৃ (charioteer) দেবৃ (brother of husband) শব্দ ভ্রাতৃশব্দের তুল্য ; কেবল নৃশব্দের ষষ্ঠীর বহুবচনে নৃণাম্ নৃণাম্, এই দুই পদ হয়।

ওকারান্ত গোশব্দ। (Bull or cow).

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম্	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম্	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ

পঞ্চমী	গোঃ	গোভ্যাম্	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম্
সপ্তমী	গবি	গবোঃ	গোষু
সম্বোধন	গৌঃ		

সমস্ত ওকারান্ত শব্দের রূপ গো শব্দের তুল্য।

Exercise 9

1. Decline বিধু and ভ্রাতৃ throughout.

2. Decline দাতৃ throughout with the adjective সুখী qualifying it.

3. Translate into English or Bengali :

সাধুঃ চিরং জীবতু (may live)। বালকাঃ গ্রন্থান্ পঠিষ্যন্তি। (will read)। ধাতা জীবান্ রক্ষতি (protects)। সা (she) ভ্রাত্রা সহ ক্রীড়তি (plays)। ভিক্ষবঃ অন্নং খাদিষ্যন্তি (will eat)। শিশবঃ ক্রন্দন্তি (cry)। অগ্রে বায়ুঃ বন্ধুঃ ভবতি (is)। সা (she) ভর্তুঃ আলয়ং চলতি (goes)। পুত্রঃ পিতুঃ পাদয়োঃ অপতৎ (fell)। সদা সত্যং বদেৎ (should speak)।

4. Translate into Sanskrit :—

(a) রাজা দীর্ঘকাল বাঁচিয়া থাকুন (জীবতু)। আমি (অহং) দাদার সঙ্গে খেলা করিব (ক্রীড়িষ্যামি)। আমি কাঁদিব না। তুমি (ত্বং) ধীরে ধীরে (শনৈঃ শনৈঃ) রামের জামাতার সহিত চল (চল বা গচ্ছ)। দাতার হস্ত পবিত্র। তিনি (সঃ) পিতাকে বলিয়াছিলেন (উবাচ)।

(d) The sage is reading (অধীতে) the Vedas. I (অহম্) shall read (অধ্যেষ্যে) my (মম) books (গ্রন্থ mas). Let him go (স গচ্ছতু). The cat is playing (ক্রীড়তি) with the child. The boys are going (গচ্ছন্তি) to school. She (সা) will say (বক্ষ্যতি) to her (তস্যাঃ) husband. The enemies fell down (পেতুঃ) in the battle (সংগ্রাম masculine, সমর masculine). The boy is not afraid (ন বিভেতি) of the cow.

ষষ্ঠ পরিচ্ছেদ।

স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

Feminine bases ending in Vowels

আকারান্ত লতাশব্দ (Creeper)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লতা	লতে	লতাঃ
দ্বিতীয়া	লতাম্	লতে	লতাঃ
তৃতীয়া	লতয়া	লতাভ্যাম্	লতাভিঃ
চতুর্থী	লতায়ৈ	লতাভ্যাম্	লতাভ্যঃ
পঞ্চমী	লতায়াঃ	লতাভ্যাম্	লতাভ্যঃ
ষষ্ঠী	লতায়াঃ	লতয়োঃ	লতানাম্
সপ্তমী	লতায়াম্	লতয়োঃ	লতাসু
সম্বোধন	লতে		

প্রায় সমুদয় আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ লতাশব্দের তুল্য। কেবল অম্বা (mother) শব্দের সম্বোধনে একবচনে 'অম্ব' এই পদ হয়।

Bases of Similar declension

বিদ্যা—learning. বালা—girl. কন্যা—daughter. তারা—star. লজ্জা—shame. মালা—garland. শোভা—beauty, মৃত্তিকা—earth. বেদনা—pain. ইচ্ছা—desire. প্রজা—subject. ক্ষুধা—hunger. পিপাসা—thirst. ভার্য্যা, জায়া—wife. কথা—story.

চিন্তা—anxiety. নিদ্রা—sleep. শয্যা—bed. ছায়া—shadow. শাখা—branch. শিখা—flame.

Exercise 10

1. Translate into English or Bengali :—

শিবস্য ভার্য্যে দুর্গা গঙ্গাচ। আকাশে অসংখ্যাঃ তারাঃ বিদ্যন্তে (are)। পিতা গঙ্গায়াঃ পবিত্রতাং বদতি (says)। গঙ্গা হিমালয়াৎ প্রবাহিতা (flows)। নিদ্রয়া অভিভূতা বালা শয্যায়াং শেতে (শী to lie down)। বিধুঃ সুধায়াঃ আকরঃ। কপিঃ বৃক্ষাৎ মৃত্তিকায়াং পততি (falls)। বিহগাঃ তরোঃ শাখাসু ক্রীড়ন্তি (are playing)।

2. Translate into Sanskrit :—

Sita was (আসীৎ) the wife of Rama. The tree (ভষ্টী) has (স্তঃ) two branches. The stars will not fall (ন পতিষ্যন্তি) on the earth. See (পশ্য) the beauty of the stars in the night. The flies (পতঙ্গাঃ) are falling (পতন্তি) on the flames of the fire. The king protected (অরক্ষৎ) his subject. These girls are oppressed (পীড়িত) by hunger and thirst. O mother (অম্বাশব্দ) save (রক্ষ) me. The husband of Uma is (ভবতি) Siva. She (সা) will play (ক্রীড়িষ্যতি) with the daughter of her uncle (পিতৃব্য). She kept (স্থাপয়ামাস) the garland on the bed.

3. Correct :—

অম্বে বৃক্ষস্য ছায়ে তিষ্ঠ। পিতায়াঃ কথা মধুরো ভবতি। বৃক্ষস্য শাখাৎ বিহগঃ মৃত্তিকে পততি। গঙ্গাস্য মৃত্তিকা পবিত্রঃ। মাতা কন্যা-সহ গচ্ছতি। নিলর্জ্জে ভার্য্যে নরস্য স্নেহঃ নাস্তি। জায়া ভর্ত্তাং নিন্দতি।

ইকারান্ত—মতিশব্দ। (Intellect)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মতিঃ	মতী	মতয়ঃ
দ্বিতীয়া	মতিম্	মতী	মতীঃ
তৃতীয়া	মত্যা	মতিভ্যাম্	মতিভিঃ
চতুর্থী	মত্যৈ, মতয়ে	মতিভ্যাম্	মতিভ্যঃ
পঞ্চমী	মত্যাঃ, মতেঃ	মতিভ্যাম্	মতিভ্যঃ
ষষ্ঠী	মত্যাঃ, মতেঃ	মত্যোঃ	মতীনাম্
সপ্তমী	মত্যাম্, মতৌ	মত্যোঃ	মতিষু
সম্বোধন	মতে		

সমুদয় ইকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এইরূপ।

Bases of similar declension. বুদ্ধি—intellect. কান্তি—beauty. পুষ্টি—nourishment. জাতি—caste. অঙ্গুলি—finger. প্রকৃতি—nature. শান্তি—peace. স্মৃতি—memory. ক্ষিতি—earth. বৃষ্টি—rain. ভূমি—earth. হানি—loss. রাত্রি—night. কীর্ত্তি—fame. শক্তি—power. ভক্তি—devotion.

Exercise 11

1. Translate into English or Bengali :

বালায়াঃ চঞ্চলা মতিঃ। দেবদত্তঃ জাত্যা ব্রাহ্মণঃ। মেঘাৎ বৃষ্টিঃ পততি (falls)। বিহগাঃ রাত্রৌ বৃক্ষস্য শাখায়াং বসন্তি (live) (বস্—to live)। রামস্য পিতৃভক্তিঃ স্মৃতৌ আয়াতি (comes)। ভক্ত্যা দেবম্

অর্চ্চতি (worships) ধার্ম্মিকঃ। বর্ষাসু ভূমিঃ উর্ব্বরা ভবতি। ক্ষিতিং রক্ষতি (protects) ক্ষিতিপতিঃ।

2. Decline the bases অঙ্গুলি and ভূমি in দ্বিতীয়া, চতুর্থী and সপ্তমী।

3. Translate into Sanskrit :—

Nectar (সুধা) is (ভবতি) sweet by nature. The father is a god on the earth. The intellect of Hari's daughter is very sharp (অতীব প্রখরা). Guhaka was (আসীৎ) a Chandala by caste. Prahlada was (আসীৎ) famous (প্রসিদ্ধ) for his (তস্য) devotion towards Hari. At night the rays of the moon fall (পতন্তি) on the earth. The dead husband lives (নিবসতি) in the memory of the widow. The nails of the fingers are (ভবন্তি) bright.

ঈকারান্ত—নদীশব্দ (River)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নদী	নদ্যৌ	নদ্যঃ
দ্বিতীয়া	নদীম্	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	নদ্যা	নদীভ্যাম্	নদীভিঃ
চতুর্থী	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ	নদীভ্যাম্	নদীভ্যঃ
ষষ্ঠী	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাম্
সপ্তমী	নদ্যাম্	নদ্যোঃ	নদীষু
সম্বোধন	নদি		

শ্রীশব্দ। (**Beauty**)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
দ্বিতীয়া	শ্রিয়ম্	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
তৃতীয়া	শ্রিয়া	শ্রীভ্যাম্	শ্রীভিঃ
চতুর্থী	শ্রিয়ৈ, শ্রিয়ে	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
পঞ্চমী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
ষষ্ঠী	শ্রিয়াঃ,শ্রিয়ঃ	শ্রিয়োঃ	শ্রীণাম্, শ্রিয়াম্
সপ্তমী	শ্রিয়াম্,শ্রিয়ি	শ্রিয়োঃ	শ্রীষু
সম্বোধন	শ্রীঃ		

Bases declined like শ্রী are হ্রী (shame), ধী (intelle[illegible] and ভী (fear).

স্ত্রীশব্দ। (Woman)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ
দ্বিতীয়া	স্ত্রিয়ম্, স্ত্রীম্	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
